দৈনিক বাংলা

173

তারিখ ... 27 OCT 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# ক্যাম্পাসে বোমাবাজি ঃ ছাত্র গুলিবিদ্ধ

।। স্টাফ রিপোর্টার ।।

শুক্রবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় দুই দল ছাত্রের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়। এই সংঘর্ষের সময় উভয় পক্ষের মধ্যে গোলাগুলি ও বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেলে পরিস্থিতি শান্ত হয়।

এই ঘটনায় বেশ কয়েকজন আহত

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে বোমাবাজি

(প্রথম পৃঃ পর)

হয়েছে। আহতদের মধ্যে শাহজাদা নামে এক যুবককে বামপায়ে গুলিবিদ্ধ অবস্থায় পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয়। শাহজাদা বঙ্গবন্ধু হলের ছাত্র বলে জানাগেছে।

রমনা পুলিশ ঘটনার সত্যতা স্বীকার করেছে। তবে এ ব্যাপারে থানায় কেউ কোন মামলা বা এজাহার দায়ের করেনি বলে পুলিশ জানায়।

### ছাত্রদলের অভিযোগ

জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদ গতকাল এক বিবৃতিতে তরিকুল ইসলাম বনি ও তোজাম্মেল হোসেন শাহজাদার ওপর হামলার ঘটনার নিন্দা জ্ঞাপন করে ক্ষোভ প্রকাশ করেছে। সংসদ বলেছে, ডাঃ মিলন ও মাহবুবের হত্যাকারীসহ সন্ত্রাসকারীদের সংগঠনে আশ্রয় দিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে পেশী শক্তি প্রয়োগের মাধ্যমে আধিপত্য বিস্তারের জন্য একটি সংগঠনের নিন্দনীয় কর্মকান্ডের ধারাবাহিকতাই আজ দেশের শিক্ষা প্রতিষ্ঠান তথা গোটা সমাজ সন্ত্রাসের শিকার হচ্ছে এবং সেই ধারাবাহিকতায় আজ বনি ও শাহজাদারা পংগুত্ব বরণ করছে অথবা জীবন হারাচ্ছে। ছাত্রদল অবিলম্বে দেশ ও জাতির স্বার্থে এই সব সন্ত্রাসীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছে।

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হাবিবুন্নবী সোহেল ও সাধারণ সম্পাদক আলী আক্কাস নাদিম এক পৃথক বিবৃতিতে ছাত্রনেতা বনি ও শাহজাদার উপর হামলার ঘটনার সাথে জড়িতদের গ্রেফতার ও শাস্তি দাবী করেন।

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা মহানগরী শাখার সভাপতি আবুল খায়ের ভুইয়া ও সাধারণ সম্পাদক নাসির উদ্দীন আহমেদ পিন্টুও এক যুক্ত বিবৃতিতে, ছাত্রনেতা বনি ও শাহজাদার উপর হামলার নিন্দা জানিয়েছেন।